দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JUL 1995
পৃষ্ঠা ২০ কলাম ৫

62

# শিক্ষকের সাথে অশোভন আচরণের প্রতিবাদ সমাবেশ মিছিল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** শিক্ষকের সাথে অশোভন আচরণ ও তাঁকে হুমকি দেয়ার প্রতিবাদে ছাত্রলীগ (শা-পা) বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এ ধরনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে। এক বিবৃতিতে সমিতি সভাপতি অধ্যাপক এ টি এম জহুরুল হক ও সাধারণ সম্পাদক অধ্যাপক এস এম ইমামুল হক ঘটনার সাথে জড়িতদের শাস্তি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবি জানান।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাতে শহীদুল্লাহ হলে ছাত্রদের কক্ষ পরিদর্শনের দায়িত্ব পালন করতে গিয়ে হলের আবাসিক শিক্ষক ডঃ মোহাম্মদ হোসেন মনসুর কতিপয় ছাত্রের হুমকির সম্মুখীন হন। এক পর্যায়ে তিনি প্রাণভয়ে হল প্রভোস্টের বাসায় আশ্রয় গ্রহণ করেন। ঘটনার বিবরণ দিয়ে তিনি উপাচার্য, প্রক্টর ও প্রভোস্টের কাছে তার নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন।

এদিকে শিক্ষক সমিতির যুগ্ম সম্পাদক ডঃ মনসুরের সাথে অশোভন আচরণের প্রতিবাদ জানিয়েছে ছাত্রলীগ (শা-পা)। এ ঘটনার জন্য তারা ছাত্রদলকে দায়ী করে। অপরাজেয় বাংলার সামনে অনুষ্ঠিত এক সমাবেশে সংগঠন নেতৃবৃন্দ বলেন, ছাত্রদলের সন্ত্রাসীরা ক্ষমতার দাপটে শিক্ষকদের হুমকি দিতে একটুও দ্বিধা করেনি। তারা ঘটনার সাথে জড়িত সন্ত্রাসীদের শাস্তি দাবি করেন। সমাবেশে বক্তৃতা করেন এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, বাহাদুর বেপারী ও আবদুল ওয়াদুদ খোকন।